

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা  
(ভূমি অধিগ্রহণ শাখা)  
www.comilla.gov.bd

স্মারক নম্বর:-০৫.৪২.১৯০০.০১৮.০০৬.০০৫.২০২০- ৬৬৬ (২০)

তারিখ: ০২ নভেম্বর ১৪২৯  
১৬ নভেম্বর ২০২২

নোটিশ

আগামী ২২/১১/২০২২ তারিখ সকাল-১১:০০ টায় জেলাপ্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সদস্যকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

(ক) এলজিইডির অধীন “পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার নাঙ্গালকোট উপজেলাধীন “ঢালুয়া বাজার জিসি-খোড়কার সড়কে” ৫৫০০ মি: চেইনেজে ডাকাতিয়া নদীর উপর ১৫০ মি: পিসি গার্ডার ব্রীজ নির্মাণের জন্য নাঙ্গালকোট উপজেলার গোরমুড়া মৌজার ১.৫০ একর এবং চৌদ্দগ্রাম উপজেলার শাকতলা মৌজার ১.০০ একর সর্বমোট ২.৫০ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।

(খ) এলজিইডির অধীন “পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার মেঘনা উপজেলাধীন “চালিভাঙ্গা বাজার হতে ইসলামপুর সড়কে” ১৯০০ মি: চেইনেজে মেঘনা শাখা নদীর উপর ৬৩৯ মিটার পিএসসি গার্ডার ব্রীজ নির্মাণের জন্য চালিভাঙ্গা মৌজায় ৬.১১৫০ একর, সোনাকান্দি মৌজায় ১.২১৮৩ একর এবং নারায়নপুর মৌজায় ০.১০৯০ একর সর্বমোট ৭.৪৪২৩ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।


(গ) এলজিইডির অধীন “পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার মেঘনা উপজেলাধীন “বড়ইয়াকান্দি গ্রামের সড়ক হতে তুলাতলী বাজার সড়কে” ২০০০ মি: চেইনেজে মেঘনা শাখা নদীর উপর ৪৭২ মিটার পিএসসি গার্ডার ব্রীজ নির্মাণের জন্য সাপমারা চরেরগাঁও মৌজার বিভিন্ন দাগে ১.৪০৩০ এবং সেনেরচর মৌজার ১.৫৫৮৫ একর সর্বমোট ২.৯৬১৫ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।

(ঘ) এলজিইডির অধীন “পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন চুনাতি ব্রীজ-মনোহরপুর সড়কে ০.০০ মি: চেইনেজে ডাকাতিয়া নদীর উপর ৪৩মি: ব্রীজসহ এপ্রোচ সড়ক নির্মাণের জন্য চুনাতি মৌজার বিভিন্ন দাগে ০.১১৮১ এবং মধ্য শ্রীপুর মৌজায় ০.০৯৫০ একর সর্বমোট ০.২১৩১ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।

(ঙ) ‘উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়ে)’ শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ নির্মাণের লক্ষ্যে ৩৭৭ নম্বর পোমগাঁও ও ৩৮৩ নম্বর নোয়াপাড়া মৌজার বিভিন্ন দাগে মোট ১.২১৫০ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।

(চ) ‘উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়ে)’ শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ নির্মাণের লক্ষ্যে উত্তর মাধবপুর মৌজার ০.২০০০ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব।

(ঞ) বিবিধ।

  
আমিনুল ইসলাম  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
কুমিল্লা  
ফোন: ০৮১-৬০৩১৭

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. .... সদস্য  
জেলা ভূমি বরাদ্দ কমিটি, কুমিল্লা। সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
০২. অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), কুমিল্লা ও সদস্য সচিব।
০৩. .... (প্রত্যাশী সংস্থা)
০৪. উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গালকোট/ চৌদ্দগ্রাম/ মেঘনা/ লাকসাম/ মনোহরগঞ্জ/ ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৫. নেজারত ডেপুটি কালেক্টর, কুমিল্লা।
০৬. সহকারী কমিশনার (গোপনীয়), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা- জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৭. সহকারী কমিশনার (আইসিটি), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা। ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।